# Delhi Public School, Howrah

**PERIODIC ASSESSMENT 2 (2024-2025)**

**Class- IX**

***Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.***

**Subject: - BENGALI (005)**

**Time: -3 Hours** **F.M.-80**

## Section-A: Comprehension

1. **নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন কর :** 1×12=12

A. বহুযুগের চেষ্টায় মানুষ তার কল্পনাকে বাস্তবে পরিণত করবার পথে কিছুদূর এগিয়েছে। তার কার্য তৎপরতার ফলে প্রকৃতিরও ঘটেছে স্থায়ী পরিবর্তন ও তারই উদ্ভাবনী কল্যাণে এই জগতে এসেছে অনেক নতুন বস্তু, নতুন প্রাণী, নতুন আলোর ছটায় অদৃশ্য পরমাণু জগৎ পর্যন্ত প্রকাশিত হচ্ছে। বহু বাধা সে অতিক্রম করেছে, অদম্য ইচ্ছার চাপে প্রতিকূল অবস্থাকে করে তুলেছে অনুকূল। গভীর অরণ্যের জায়গায় আজ বসেছে লোকপূর্ণ জনপদ নগরী। উচ্ছৃঙ্খল বন্যার জলরাশি তার বাঁধে ধরা পড়েছে, তারই বিপুল শক্তি আজ মানুষের কল্যাণে রথের চাকা ঘুরায়। প্রচন্ড উত্তাপের তেজে পাথর গলে বেরিয়ে আসছে শুদ্ধ ধাতুর স্রোত। কারখানায় তৈরি হচ্ছে কত নতুন যৌগিক পদার্থ – কাচ, সেলুলয়েড, রবার ইত্যাদি; কত দৈনিক ব্যবহারের জিনিসের মালমশলা। উৎকট রোগের প্রতিষেধক, কত নতুন ওষুধ ; শিল্পীর তুলির জন্য কত বিচিত্র রং। সে আর হিংস্র জন্তুকে ভয় করে না, শাসন মারণের অসংখ্য অস্ত্র তার হাতে। বশীকরণেও সে সিদ্ধহস্ত; বন্যজন্তু আজ তার রথ চালাচ্ছে, বোঝা বইছে বা কৃষি কাজে সাহায্য করছে। বরফ-ঢাকা পাহাড়ের মাথায় সে উঠিয়েছে বিজ্ঞানের মন্দির। সমুদ্রের গ্রাস থেকে কেড়ে নিয়েছে ঊর্বরা জমি। এইভাবে নিজের ইচ্ছামতো নতুন জগতের সৃষ্টি করতে বিপুল শক্তির দরকার। তাই প্রকৃতির ক্রিয়া-প্রতিক্রিয়ার মূল সূত্রগুলি সে আয়ত্ত করতে যত্নশীল। (সত্যেন্দ্রনাথ বসু)

I. মানুষের কার্যতৎপরতার ফলে ও উদ্ভাবনী কল্যাণে কোন অদৃশ্য জগত প্রকাশিত হয়েছে -

a) নতুন নতুন বস্তুর জগৎ
b) প্রাণী জগৎ
c) পরমাণু জগৎ
d) এক অপার্থিব জগৎ

II. **মন্তব্যঃ বিদ্যুৎ শক্তির জোরে রথের চাকা ঘুরছে।**
**কারণঃ মানুষের তৈরি বাঁধে উচ্ছৃঙ্খল জলরাশি ধরা পড়েছে।**

a) মন্তব্য সঠিক, কিন্তু কারণ গ্রহণযোগ্য নয়।
b) মন্তব্য ভুল কিন্তু কারণ গ্রহণযোগ্য।
c) মন্তব্য এবং কারণ দুটোই সঠিক।
d) মন্তব্য এবং কারণ কোনোটাই গ্রহণযোগ্য নয়

III. বন্য জন্তুকে মানুষ আর ভয় করেনা কারণ –

a) বন্য জন্তুকে সে হত্যা করতে শিখেছে।
b) বন্য জন্তুর ভাষা শিখেছে বলে।
c) বন্য জন্তুকে সে কাজে লাগাতে পেরেছে।
d) বন্য জন্তুকে শাসন মারণের অসংখ্য অস্ত্র এখন তার হাতে।

IV. “সমুদ্রের গ্রাস থেকে কেড়ে নিয়েছে উর্বরা জমি।”- ‘উর্বর’ শব্দটির বিপরীত শব্দ-

a) অনুর্বর
b) অণুর্বর
c) অনূর্বর
d) অণূর্বর

**B.** “শিউনি জেলে ও জব্বলপুরের কারাগারে সুভাষ ও শরৎচন্দ্র দুই ভাইয়ের স্বাস্থ্য একেবারে ভেঙে পড়েছিল। সুভাষচন্দ্রের যক্ষ্মা রোগ হয়েছে সন্দেহ করা হল এবং সঙ্গে পেটে গল-ব্লাডারে ব্যথা। লখনউয়ের হাসপাতাল, ভাওয়ালির স্যানেটোরিয়াম, মাদ্রাজের জেলে এনে নীলরতন সরকার ও বিধানচন্দ্র রায়কে দিয়ে স্বাস্থ্য পরীক্ষা করানো হল। ওজন দ্রুত কমে যাচ্ছে, স্বাস্থ্য একেবারে ভেঙে পড়েছে, তবুও ইংরেজ সরকার সুভাষচন্দ্রকে মুক্তি দেবে না। শেষপর্যন্ত স্থির হল, উনি যদি দেশের বাইরে গিয়ে স্বাস্থ্যোদ্ধার করতে রাজি হন, তবে সরকার ওকে জাহাজে তুলে দিয়ে মুক্তি দেবে। অবশ্য বিদেশে যাতায়াত, থাকা, খাওয়া, চিকিৎসার সব ব্যয়ভার তাকেই বহন করতে হবে। যাবার আগে বাবা জানকীনাথ বসুর সঙ্গে দেখা করার জন্য অনুমতি চাইলেন সুভাষ। তৎক্ষণাৎ তাঁর আবেদন প্রত্যাখ্যান করা হল।

I. নীলরতন সরকার কে ছিলেন ?

a) বিশিষ্ট চিকিৎসক
b) বিশিষ্ট আইনজীবী
c) বিশিষ্ট কারারক্ষী
d) পুলিশের পদস্থ কর্তা

II. সুভাষ ও শরৎচন্দ্র দুই ভাইয়ের স্বাস্থ্যের পরীক্ষা নিম্নলিখিত জায়গাগুলির মধ্যে কোথায় হয় ?

a) জব্বলপুরের কারাগারে
b) শিউনি জেলে
c) প্রেসিডেন্সি জেলে
d) লখনউয়ের হাসপাতালে

III. **মন্তব্যঃ সরকার ওকে জাহাজে তুলে দিয়ে মুক্তি দেবে।**
**কারনঃ উনি যদি দেশের বাইরে গিয়ে স্বাস্থ্যোদ্ধার করতে রাজি হন।**

a) মন্তব্য সঠিক, কিন্তু কারণ গ্রহণযোগ্য নয়।
b) মন্তব্য ভুল কিন্তু কারণ গ্রহণযোগ্য।
c) মন্তব্য এবং কারণ দুটোই সঠিক।
d) মন্তব্য এবং কারণ কোনোটাই গ্রহণযোগ্য নয়

IV. “...দেশের বাইরে গিয়ে স্বাস্থ্যোদ্ধার করতে রাজি হন...”। -“স্বাস্থ্যোদ্ধার” শব্দটির সন্ধি বিচ্ছেদ কী হবে ?

a) স্বাস্থ্য + ঊদ্ধার
b) স্বাস্থ্য + উদ্ধার
c) স্বাস্থ্যঃ + ঊদ্ধার
d) স্বাস্থ্যঃ + উদ্ধার

C. লোকটা হিন্দুস্থানি দেখে সাতকড়িবাবুর ভালো লাগল। কারণ জিনিসপত্র দরদামের সময় হোক, রিকশার ভাড়া নিয়ে দর কষাকষি হোক, বাস কন্ডাক্টরের সঙ্গে ঝগড়া হোক, হিন্দি বলতে তিনি বেশ আরাম পান। তিনি হিন্দুস্থানি ফলওয়ালার দিকে এগিয়ে যেতে বাকি বাঙালি দুজন চেঁচিয়ে বলল, “ওরে সিদ্ধনাথ, আজ তোর সারাদিনের ব্যবসা একবেলাতেই হয়ে যাবে। দাদু তোর ঝুড়ি খালি করে লিয়ে লিবে।”

সাতকড়িবাবু ওদের হাসিঠাট্টা গায়ে মাখলেন না। তিনি গম্ভীরভাবে একটা কমলালেবু তুলে অনেকক্ষণ ধরে ঘুরিয়ে ফিরিয়ে দেখলেন। তারপর সিদ্ধনাথ, মানে ঐ হিন্দুস্থানি ফলওয়ালাকে যেন একটা গোপন খবর দিচ্ছেন, এইভাবে জিজ্ঞাসা করলেন, "এ রে ভাই, ইসমে ঠিক বারোটা কোয়া হোগা কি?" অর্থাৎ, এ কমলালেবুর মধ্যে ঠিক বারোটা কোয়া হবে কি না?

এ প্রশ্ন করার একটা কারণ ছিল। কারণ বাড়িতে তারা মোটামুটি চারজন লোক। কমলালেবুর ভাগ সকলে সমান পাবে- এইরকম তার নীতি। কাজেই কমলালেবু তিনি একটা কিনবেন, আর তাতে বারোটা কোয়া হলে সকলেরই সুবিধে হয়, প্রত্যেকের তিনটি করে পাবে।

কিন্তু যদি তেরোটা বা এগারোটা হয়? তাহলেই খুব সাংঘাতিক সমস্যা দাঁড়িয়ে যাবে। (পবিত্র সরকার)

I. অনুচ্ছেদটি পড়ে সাতকড়িবাবুকে কেমন মানুষ বলে মনে হয়?

a) উদার।
b) ঠকবাজ।
c) বোকা।
d) কৃপণ।

II. **মন্তব্যঃ এ রে ভাই, ইসমে ঠিক বারোটা কোয়া হোগা কি?**

**কারণ- ক) সাতকড়িবাবু বারো কোয়ার কমলালেবু ছাড়া খান না।**

**কারণ- খ) সাতকড়িবাবু হিন্দিতে প্রশ্ন করতে বেশি পছন্দ করতেন।**

a) কারণ ক ও খ দুটোই ঠিক।
b) কারণ ক ও খ দুটোই ভুল।
c) কারণ ক ঠিক খ ভুল।
d) কারণ ক ভুল খ ঠিক।

III. "এরকমই তার নীতি।"- তার নীতি কী ছিল?

a) সবার জন্য সমান সংখ্যক কমলালেবু কিনবে।
b) সবসময় হিন্দিতে কথা বলবে।
c) দোকানদারের সাথে দরদাম করেন না।
d) কমলালেবুর ভাগ সকলে সমানভাবে পাবে।

IV. "হিন্দি বলতে তিনি বেশ আরাম পান।" – বাক্যটি কী ধরণের বাক্য?

a) অনুজ্ঞাবাচক।
b) নির্দেশক।
c) জটিল বাক্য।
*d)* নস্তর্থক বাক্য।

## Section-B: Grammer

2. **সন্ধিযুক্ত ও সন্ধি বিচ্ছেদ করঃ** (1x6=6)

a. মোহ + অন্ধ b. গণ + ঈশ c. শুভ্র + উজ্জ্বল

d. মাত্রিচ্ছা e. আদ্যান্ত f. জনৈক

3. **নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করঃ** (1x3=3)

a. মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে। (না-বাচক বাক্য)

b. এ জন্যই তোমাকে সবাই ঋষি না বলে পারে না। (হ্যাঁ-বাচক বাক্য)

c. তোমার খাওয়া সমাপ্ত হয়েছে কিনা জানতে চাই। (প্রশ্নবোধক বাক্য)

4. **বাক্যগত ও শব্দগত অশুদ্ধি সংশোধন থেকে সঠিক উত্তরটি নির্বাচন কর :** (1x4=4)

a. ছোট ছোট গ্রামগুলি ছবির মত। - বাক্যটি শুদ্ধ রূপ নীচের কোনটি?

a) ছোট ছোট গ্রামের দৃশ্যগুলি ছবির মত।

b) ছোট গ্রামগুলি ছবির মত।

c) ছবির মত ছোট গ্রাম।

d) গ্রামের দৃশ্য ছবির মত।

b. নীচের কোনটি শুদ্ধ বানান?

a) বিভিষন

b) বিভীষন

c) বিভীষণ

d) বিভীসণ

c. কেবলমাত্র রামই একথা বলতে পারে। - বাক্যটি শুদ্ধ রূপ নীচের কোনটি?

a) কেবল রামই একথা বলতে পারে।

b) রামই একথা বলতে পারে।

c) রাম ছাড়া একথা আর কেউ বলতে পারে না।

d) একথা রামেরই বলা।

d. নীচের কোনটি শুদ্ধ বানান?

a) পুরোভাগ

b) পুরভাগ

c) পুরঃভাগ

d) পূরোভাগ

## Section-C: Main Course Book & Supplementary Reader / Non-detailed Text:(MCQ)

5. **পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখঃ (যে কোনো ছয়টি)** 1x6=6

a. কার কাছ থেকে স্বামীজি মিস নোব্ল-এর কাজের ব্যাপারে জানতে পেরেছিলেন?

a) মিসেস সেভিয়ার-এর কাছ থেকে।

b) মিসেস বুল-এর কাছ থেকে।

c) মিস্ মুলার-এর কাছ থেকে।

d) স্টার্ডির কাছ থেকে।

b. বাঘা বাগদী ফটিককে কীভাবে বাড়ি নিয়ে গিয়েছিল?

a) কোলে করে

b) পাঁজাকোলা করে।

c) কান ধরে টেনে।

d) আড়কোলা করে।

c. মিস নোব্ল-এর ধমনীতে কাদের রক্ত বইছে?

a) কেল্টিক।

b) ইংরেজ।

c) ডাচ।

d) অস্ট্রিয়ান।

d. **“ওই হোথা”**- ওইদিকে কাদের বাড়ি ছিল?

a) বিশ্বম্ভর বাবুর।
b) ফটিকদের।
c) রাখালদের।
d) মাঝিদের।

e. “চিঠি”- কোন ধরণের সাহিত্য?

a) জীবনীমূলক
b) প্রবন্ধ
c) আত্মকথা
d) ঐতিহাসিক

f. **মন্তব্যঃ স্বামী বিবেকানন্দের মতে মিস নোব্‌লের পক্ষে ভারতে কাজ করতে বহু বাধা বিঘ্ন আছে।**

**কারণ- ক) ভারতে দুঃখ, কুসংস্কার, দাসত্ব সীমাহীন।**

**কারণ- খ) শ্বেতাঙ্গরা নোব্‌লকে অহংকারী মনে করবে ও তাকে এড়িয়ে চলবে।**

কারণ দুটিকে ঠিক অথবা ভুল হিসেবে চিহ্নিত করো।

a) কারণ ক ও খ দুটোই ঠিক।
b) কারণ ক ও খ দুটোই ভুল।
c) কারণ ক ঠিক খ ভুল।
d) কারণ ক ভুল খ ঠিক।

g. **'ছুটি'** গল্পে **'অকালতত্ত্বজ্ঞানী মানব'** বলতে কাকে বোঝানো হয়েছে**?**

a) ফটিককে
b) মাখনকে
c) বিশ্বম্ভর বাবুকে
d) পুলিশকে

6. **<u>আম আঁটির ভেঁপু থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখঃ (যে কোনো চারটি)</u>** 1x4=4

a. গ্রামে অল্পদিনের মধ্যে কীসের মড়ক শুরু হয়েছিল?

i. ওলাওঠার।
ii. গুটি বসন্তের।
iii. কালাজ্বরের।
iv. কলেরার।

b. অপু কার কাছ থেকে শকুনির ডিম কিনেছিল?

i. সতুর কাছ থেকে।
ii. নেড়ার কাছ থেকে।
iii. রাখালের কাছ থেকে।
iv. ফটিকের কাছ থেকে।

c. **মন্তব্যঃ নরোত্তম দাসের উঠোনের গাছতলা থেকে কুড়িয়ে আনা মুচুকুন্দ চাঁপা ফুলের ঘ্রাণ রাত্তিরে বিছানায় উপুর হয়ে শুয়ে অপু অনেকক্ষণ নেয়।**

**কারণঃ সে আগে কখনো এই ফুল দেখেনি।**

i. মন্তব্য সঠিক কারণ ভুল।

ii. মন্তব্য ও কারণ উভয় ভুল।
iii. মন্তব্য ভুল কারণ সঠিক।
iv. মন্তব্য ও কারণ উভয় সঠিক।

d. গ্রামের বনভোজনে অপুর মা নিয়ে গিয়েছিল-
i. মোটা চাল, ডিম, কাঁচকলা।
ii. মোটা চাল, ছোলার ডাল, পেঁপে কাঁচকলা।
iii. মোটা চাল, মটরের ডালবাটা, বেগুন।
iv. মোটা চাল, মুসুর ডাল, ডিম, আলু।

e. সেজো ঠাকুরণের ছোট মেয়ের নাম কী?
i. টুনি।
ii. পুটু।
iii. লক্ষ্মী।
iv. টেঁপি।

f. কোন ঘটনার পর টুনির মায়ের সোনার কৌটো তুলতে মনে ছিল না?
i. সেজো ঠাকুরণ তার ঘরে চলে আসার পর।
ii. টুনির মায়ের খোকা দোলনায় চেঁচিয়ে ওঠার পর।
iii. দুর্গা হঠাৎ তার ঘরে চলে আসার পর।
iv. টুনির মাকে রান্নাঘর থেকে ডাকার পর।

## Section-C: Main Course Book & Supplementary Reader / Non-detailed Text:

7. **“তাতে তোমার ও তাঁদের- উভয়েরই সুবিধা হবে।”** -এখানে ‘তোমার’ ও ‘তাঁদের’ বলতে কাদের কথা বলা হয়েছে? 2

8. "**উৎসাহে তাহার রাত্রে নিদ্রা হয় না।**"- উদ্দিষ্ট ব্যক্তির পরিচয় দিয়ে কোন উৎসাহে তাঁর রাতে ঘুম আসে নি তা লেখ। 3

Or,

"**কিন্তু বিঘ্নও আছে বহু।**" – বক্তা এখানে কোন কোন বিঘ্নের কথা বলেছেন তা লেখ।

9. "**তখন তাহার চিত্ত অধীর হইয়া উঠিত।**" – কেন উদ্দিষ্ট ব্যক্তির চিত্ত অধীর হয়ে উঠত তা লেখ। 3

Or,

"**মরদ কি বাত, হাতি কা দাঁত।**"- বক্তা কেন কোন উদ্দেশে একথা বলেছেন তা লেখ।

10. স্বামী বিবেকানন্দের ‘চিঠি’ প্রবন্ধ অনুসারে স্বামীজির স্বদেশপ্রীতির পরিচয় দাও। 5

Or,

‘ছুটি’ গল্প অনুসারে ফটিকের মামির চরিত্রের দিকগুলির পরিচয় দাও।

11. **সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ:** (5×1)

**"মানুষ সেজে আসা হল, মানুষ হয়েই ফিরে যাবো।“**

Or,

**"অনন্তকাল যাদের বেদনা রহিয়াছে শুধু বুকে**
**এদেশের কবি রাখে নাই যাহা মুখের ভাষায় টুকে।"**

12. **“সে বন বিহগ কাঁদিতে জানে না, বেদনার ভাষা নাই,**
**ব্যাধের শায়ক বুকে বিঁধিয়াছে জানে তাঁর বেদনাই।”**

‘বন বিহগ’ কথাটির অর্থ কী ও তাঁর বেদনা কীরূপ? আলোচ্য অংশে বন বিহগের রূপকের আড়ালে কবি কী ব্যাখ্যা করেছেন তা আলোচনা কর। (2+3)

Or,

**“আমি কিছুই ছাড়ব না, এই রোদ ও বৃষ্টি।”**- বক্তা কে ও কাকে উদ্দেশ্য করে কথাগুলি বলেছেন? বক্তার কিছুই না ছাড়ার কারণটি কবিতা অনুসারে বুঝিয়ে লেখ।

13. **“সে যেন আবছায়াভাবে বুঝিল তাহার মা গরীব, তাই তাহাদের বাড়ি ভালো খাওয়া দাওয়া হয় না।”**-‘তাহাদের বাড়ি’ বলতে কাদের কথা বলা হয়েছে? কোন ঘটনার পরিপ্রেক্ষিতে বক্তা তাদের বাড়ির অবস্থা যে খারাপ তা বুঝতে পেরেছিল? (2+3)

Or,

**“সেজো ঠাকুরণের ভাবভঙ্গীতে তাহার জিভ যেন মুখের মধ্যে জড়াইয়া গেল।”** -সেজো ঠাকুরণের পরিচয় দাও। কেন উদ্দিষ্ট ব্যক্তির ওরকম অবস্থা হয়েছিল তা ঘটনা অনুসারে বর্ণনা কর।

14. **“এই তাহাদের প্রথম বনভোজন।”** -কাদের প্রথম বনভোজনের কথা এখানে বলা হয়েছে? তাদের প্রথম বনভোজনের ঘটনাটি উল্লেখ কর। (2+3)

Or,

**“অপুকে বিরস মুকখে চলিতে যাইতে দেখিয়া তাহার সেদিন খুব কষ্ট হইয়াছিল।”** –‘তাহার’ বলতে এখানে কার কথা বলা হয়েছে? কোন ঘটনায় অপু বিরস মুখে চলে গিয়েছিল সেটি উল্লেখ কর।

## Section – D: Creative Writing

15. **নিম্নলিখিত বিষয় অনুসারে বিজ্ঞপ্তি রচনা করঃ** 6

জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে একটি শিক্ষামূলক ভ্রমণের জন্য নবম ও দশম শ্রেণীর ছাত্র ছাত্রীদের উদ্দেশ্যে বিদ্যালয়ের ভ্রমণ কমিটির আধিকারিক হিসেবে একটি বিজ্ঞপ্তি রচনা কর।

Or,

তোমাদের বিদ্যালয়ের পক্ষ থেকে একটি নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচী পালন করা হবে। বিদ্যালয়ের সাংস্কৃতিক সম্পাদক হিসেবে নবম ও দশম শ্রেণীর ছাত্র ছাত্রীদের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্তি রচনা কর। বিজ্ঞপ্তিতে স্থান, সময়, তারিখ উল্লেখ করা আবশ্যক।

16. **নিম্নলিখিত বিষয় অনুসারে প্রতিবেদন রচনা করঃ** 6

সবুজ ধ্বংস করে আর একটিও আবাসন নয়।

Or,

প্রবল বর্ষায় কেমন আছে ফুটপাথবাসীরা।